গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৯৮

## রাজশাহীতে বিশ্ব ডাক দিবসের অনুষ্ঠানে গ্রাহকের বিশ্বাস অর্জনে গুরুত্বারোপ

রাজশাহী; ২৪ আশ্বিন (০৯ অক্টোবর):

আজ (০৯ অক্টোবর) বিশ্ব ডাক দিবস। 'জনগণের জন্য ডাক : স্থানীয় পরিষেবা, বৈশ্বিক পরিসর'-প্রতিপাদ্যকে সামনে রেখে রাজশাহী ডাক বিভাগ বর্ণাঢ্য আয়োজনে দিবসটি উদযাপন করে। এ উপলক্ষ্যে সকাল সাড়ে সাতটায় অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল ড. মোহাম্মদ জিয়াউর রহমান এর নেতৃত্বে জিপিও থেকে এক বর্ণাঢ্য র‍্যালি বের হয়। র‍্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একইস্থানে এসে শেষ হয়। র‍্যালি শেষে দিবসটির প্রতিপাদ্য বিষয়ে রাজশাহী জিপিও চত্বরে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পোস্টমাস্টার জেনারেল কাজী আসাদুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ডাক বিভাগের বিকল্প তৈরি হয়ে গেছে। গ্রাহক মনঃক্ষুণ্ন হলে সে বিকল্প খুঁজে নিবে। এজন্য গ্রাহকের বিশ্বাস অর্জনে আমাদের সচেষ্ট থাকতে হবে।
ডাক বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের উদ্দেশে তিনি বলেন, জনসাধারণের পয়সায় আমাদের বেতন হয়। সুতরাং সেবা প্রদানের ক্ষেত্রে আরও বেশি যত্নশীল হতে হবে। গ্রাহক পর্যায় থেকে কোনো অভিযোগ আসলে সেগুলো দ্রুততার সাথে সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে।

আসাদুল ইসলাম আরও বলেন, বিশ্বে প্রযুক্তিগতভাবে ডাক বিভাগ এগিয়ে যাচ্ছে, আমরাও পিছিয়ে নেই। আমরা পেপারলেস ডাক বিভাগ তৈরির চেষ্টা করছি। এ ক্ষেত্রে রাজশাহী ডাক বিভাগ যথেষ্ট সফলতা দেখিয়েছে। এ সময় প্রবাসীসহ ভোটের দায়িত্বে নিয়োজিত সরকারি কর্মচারীদের পোস্টাল ব্যালটে ভোট গ্রহণের যে উদ্যোগ সরকার নিয়েছে তাকে ডাক বিভাগের জন্য একই সাথে চ্যালেঞ্জের ও সম্মানের বলে মন্তব্য করেন তিনি।

অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল ড. মোহাম্মদ জিয়াউর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী ডাক জীবন বিমার রিজিওনাল ম্যানেজার খন্দকার মাহাবুব হোসেন, রাজশাহী জিপিওর সিনিয়র পোস্টমাস্টার মাহফুজুর রহমান এবং ডেপুটি পোস্টমাস্টার জেনারেল মো. রাকিব বিশ্বাস।

অনুষ্ঠানে রাজশাহী ডাক বিভাগের কর্মকর্তা-কর্মচারী এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

পরে রাজশাহী পোস্টাল একাডেমিতে দিবসটি উপলক্ষ্যে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।

---

আলীম/তৌহিদ/আতিক/২০২৫/১৩:৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd